দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

# তালায় জাতীয় প্রাথমিক শিক্ষা পদকে ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচিত

■ তালা (সাতক্ষীরা) সংবাদদাতা

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৬-এর জন্য তালা উপজেলার শ্রেষ্ঠ ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। রবিবার উপজেলা যাচাই-বাছাই কমিটি ১০টি ক্যাটাগরিতে ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে নির্বাচিত করে।

তালা উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার মো. রাজমনি জানান, ১০টি ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারীদের নির্বাচন করার জন্য তালা উপজেলা পর্যায়ে ১৬ সদস্য বিশিষ্ট একটি যাচাই-বাছাই কমিটি রয়েছে। কমিটির প্রধান উপদেষ্টা স্থানীয় সাতক্ষীরা-১ (তালা-কলারোয়া) সংসদ সদস্য মুস্তফা লুৎফুল-াহ। এ ছাড়া, তালা উপজেলা পরিষদ চেয়ারম্যান ঘোষ সনৎ কুমার কমিটির উপদেষ্টা রয়েছেন।

তালা উপজেলা নির্বাহী অফিসার মো. ফরিদ হোসেন উক্ত কমিটির সভাপতি এবং উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার কমিটির সাধারণ সম্পাদক। বিভিন্ন তথ্য, উপাত্ত বিশ্লেষণ শেষে রবিবার যাচাই-বাছাই কমিটি জাতীয় শিক্ষা পদক-২০১৬ প্রদান উপলক্ষে ১০ ক্যাটাগরিতে ১০ নির্বাচিত ব্যক্তি ও প্রতিষ্ঠানের নাম ঘোষণা করেন।

শিক্ষা অফিসার জানান, উপজেলার ২১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং প্রায় এক হাজার শিক্ষক-শিক্ষিকার মধ্যে ১০ ক্যাটাগরিতে নির্বাচিতরা হচ্ছে— শ্রেষ্ঠ শিক্ষক লক্ষ্মণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুদর্শন দেবনাথ।

শ্রেষ্ঠ শিক্ষিকা গঙ্গারামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা রাজলক্ষ্মী দেবনাথ। শ্রেষ্ঠ বিদ্যালয় মির্জাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। শ্রেষ্ঠ এস এম সি সভাপতি সুভাষিণী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ইউপি চেয়ারম্যান মো. রফিকুল ইসলাম। শ্রেষ্ঠ বিদ্যোৎসাহী সমাজকর্মী প্রসাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিদ্যোৎসাহী সমাজকর্মী, শিক্ষক গাজী মোমিন উদ্দীন। শ্রেষ্ঠ কাব শিক্ষক চরগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফকির মোহাম্মাদ শওকত আলী। শ্রেষ্ঠ কাব শিশু সুভাষিণী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র সিরা-জ্বাম মুনীর। ঝরে পড়ার হার উল্লেখযোগ্য কমানোতে আবার সেরা হয়েছে নিমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়।

এ ছাড়া, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আটজন সহকারী শিক্ষা অফিসারের মধ্যে মো. রাজমণি শ্রেষ্ঠ সহকারী শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন। আর শিক্ষা অফিসের নিম্নমান সহকারী মো. সাইফুলাহ শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচিত হয়েছেন।